

আজকের রাশিফল

॥ ২৭ ডিসেম্বর, বৃহস্পতিবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি মকর রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মকর রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ৯। আপনার উপর প্রভাবকারী গ্রহ শনি ও মঙ্গল। আপনার শুভ সংখ্যাঃ ৯, ১৮, ২৭। শুভবারঃ শনি ও মঙ্গল। শুভ বর্ণঃ নীল, লাল ও সবুজ। শুভ রত্নঃ ইন্দ্রনীলা, রক্তপ্রবাল ও পান্না। প্রকৃতিগতভাবে আপনি আত্মবিশ্বাসী ও উচ্চাভিলাষী। দৃঢ় ইচ্ছাশক্তির সাথে রয়েছে কাজ করার যোগ্যতা। আপনার মধ্যে থাকতে পারে এক ধরনের চরমপন্থী মনোভাব। বাহ্যত ভয় না পেলেও যে কোন পরিস্থিতির ক্ষতিকর ও লাভজনক দিক খুবই স্পষ্টভাবে দেখতে পান। জীবনে ব্যাপক ঘাত-প্রতিঘাত সত্ত্বেও সাফল্যের দ্বার কেউ রুদ্ধ করতে পারবে না।
জনগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ বিজ্ঞানী লুই পাস্তুর, কবি মীর্জা গালিব, মৃদুল সাহা ও মুনমুন আহমেদ প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ অসুস্থদের আরোগ্য লাভের সম্ভাবনা রয়েছে। নতুন বন্ধু লাভের যোগ আছে। পারিবারিক দিক ভালো যাবে। আর্থিক উৎস সচল থাকবে। যোগাযোগ শুভ।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ কোন ব্যাপারে দ্বিধাদ্বন্দ্বে ভুগতে পারেন। মানসিক দিক ভালো যাবে না। বন্ধুর সহযোগিতায় লাভবান হতে পারেন। অতিরিক্ত ব্যয় পরিহার করুন। ভ্রমণ শুভ।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ জুয়া, ফাটকা, লটারী প্রভৃতি উৎস হতে অপ্রত্যাশিত প্রাপ্তি যোগ আছে। পারিবারিক দিক ভালো যাবে। মনোবল বৃদ্ধি পাবে। আর্থিক দিক ভালো যাবে। যোগাযোগ শুভ।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ কর্মে প্রত্যাশিত সফলতা পেতে পারেন। পারিবারিক দিক ভালো যাবে। বিক্রয়বাণিজ্যে লাভযোগ আছে। নতুন বিনিয়োগ শুভ। ভ্রমণ যোগ আছে।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ পারিবারিক দিক ভালো যাবে। ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ। বিক্রয়বাণিজ্যে লাভযোগ আছে। গৃহে অতিথি সমাগম হতে পারে। ব্যয় বৃদ্ধি পাবে।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ সুগন্ধি, সুখাদ্য ও বিলাসদ্রব্য কেনাকাটা হতে পারে। পারিবারিক দিক ভালো যাবে। কর্মে প্রত্যাশিত সফলতা পেতে পারেন। শরীর ভালো যাবে। যোগাযোগ শুভ।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ কারো উপর নির্ভর করা ঠিক হবে না। কাজকর্মে সাময়িক বাধাগ্রস্ত হতে পারেন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। আজ কাউকে টাকা ধার দিবেন না। ভ্রমণ শুভ।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ ভাই-বোনদের সাথে মনমালিন্য সৃষ্টি হতে পারে। কলহ-বিবাদ এড়িয়ে চলুন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। আর্থিক উৎস সচল থাকবে। যোগাযোগ শুভ।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ পরিকল্পিত কাজে সাময়িক বাধাগ্রস্ত হতে পারেন। সন্তানের স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন। আর্থিক অনটনে ভুগতে পারেন। দূর ভ্রমণ পরিহার করুন।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ হঠাৎ কোন সংবাদে বিচলিত হতে পারেন। মানসিক দিক ভালো যাবে না। বিদ্যার্থীদের জন্য সময় অনুকূল থাকবে। পুরনো বন্ধুর সাথে যোগাযোগ হতে পারে। আর্থিক দিক ভালো যাবে। ভ্রমণ শুভ।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ কেউ আপনার নামে মিথ্যা দুর্নাম রটাতে পারে। অযথা দুশ্চিন্তা পরিহার করুন। ব্যবসায়িক দিক মোটামুটি ভালো যাবে। নতুন বিনিয়োগ শুভ। প্রাপ্তিযোগ আছে।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ আত্মীয়-স্বজনদের সাথে সুসম্পর্ক বজায় থাকবে। মর্যাদা বৃদ্ধিকর কিছু ঘটতে পারে। দাম্পত্য দিক ভালো যাবে। আর্থিক উৎস সচল থাকবে। দূর ভ্রমণে যেতে পারেন।

□ মুহম্মদ আনিসুল হক